গাংনীতে স্ট্যাম্প ভেন্ডার নুর ইসলামের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরর গাংনী সাব-রেজিস্ট্রি অফিসের স্ট্যাম্প ভেন্ডার (স্ট্যাম্প সরবরাহকারি) বাহাগুন্দা গ্রামের নুর ইসলামের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে এলাকাকাসী।

বুধবার দুপুরে সাব-রেজিস্ট্রি অফিসের সামনে বিক্ষোভ সমাবেশ করেন তারা।

এসময় বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। সাবেক পৌর মেয়র আহম্মেদ আলী, পেীর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা ছাত্রলীগের সহসভাপতি সাইফুজ্জামান শিপু, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

বিক্ষোভ মিছিলটি গাংনী বাস স্ট্যান্ড থেকে শুরু করে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। পরে সমাবেশে অংশ গ্রহণ করে বিক্ষোভকারীরা।

বিক্ষোভকালে প্রধান বক্তা এমএ খালেক বলেন, জাল স্ট্যাম্প বিক্রিসহ সিন্ডিকেটের মাধ্যমে সরকারি নির্ধারিত মূল্যের অতিরিক্ত টাকা হাতিয়ে কোটি কোটি টাকার অবৈধ সম্পদের মালিক হয়েছেন স্ট্যাম্প ভেন্ডার গাংনীর বাহাগুন্দা গ্রামের মৃত আবেদ আলীর ছেলে নুর ইসলাম। তার এই অবৈধ অর্থ খরচ করছে বিএনপি জামাতের সাংগঠনিক কাজে।

এছাড়াও তিনি বিভিন্ন পন্থায় মানুষ ঠকিয়ে অর্ধশত বিঘা জমির মালিক হয়েছেন। শুধুমাত্র নুর ইসলামের পক্ষে কোটি টাকা উপার্জন স¤ভব হয়নি তার এই অবৈধ সম্পদের যোগান হিসেবে বড়বড় রাঘব বোয়াল ছদ্দবেশী মুখোশধারীরা নুরইসলামকে সামনে রেখে হাজার হাজার টাকা ডিফেন্স নিচ্ছে তারা আইনের আওতায় আসেনা। তাদেরকে চিহ্নত করা প্রশাসনের দায়িত্ব রয়েছে। রাঘব বোয়ালরা পিছন থেকে কলকাঠি নাড়েন বলেই নুর ইসলামকে গোয়েন্দা বিভাগ ও প্রশাসনের চোখে পড়েনা। আজ গাংনীর বিভিন্ন শ্রেণী পেশার মানুষ স্বোচ্চার হয়েছেন। আপনাদের

কালীগঞ্জে অগ্রণী ব্যাংকে মৃত ব্যক্তির নামে ঋণ, টাকা আত্মসাৎ’র অভিযোগ

বেশ আগে ঝিনাইদহের কালীগঞ্জে অগ্রণী ব্যাংক থেকে ঋণ নিয়েছিলেন। সেই টাকা এখনো শোধ করতে পারেননি। এরই মাঝে ব্যাংক থেকে ফোন করে জানানো হয়েছে নতুন ৫৫ হাজার টাকা ঋণ নিয়েছেন। অথচ তিনি নতুন কোন ঋণ নেননি। আগের ঋণের কাগজপত্র দেখিয়ে এই ৫৫ হাজার টাকা আত্মসাৎ করেছে আজির আলী নামে ব্যাংকের এক কর্মচারী। কথাগুলো বলছিলেন ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার আড়পাড়া এলাকার কনিকা অধিকারী।

এভাবে উপজেলার বিভিন্ন গ্রাহকের কাগজপত্র তৈরি করে ও মৃত ব্যক্তিদের নামে ঋণ নবায়ন করে টাকা আত্মসাৎ করা হয়েছে। এ ঘটনায় ৩ সদস্যের একটি অডিট টিম ঋণের অনিয়ম খুঁজতে কাজ করছে।

বিষয়টি অনুসন্ধান করতে গিয়ে ভুয়া ঋণের প্রায় ১০ জন গ্রাহকের সাথে কথা হয়। তারা সবাই নতুন কোন ঋণ নেননি বলে জানান। হঠাৎ তারা ব্যাংক থেকে নতুন ঋণ নেওয়ার ব্যাপারে ফোন পেয়ে ব্যাংকে যোগাযোগ করেন।

অগ্রণী ব্যাংক কালীগঞ্জ শাখার বর্তমান ম্যানেজার নাজমুস সাদাত বলেন, তিনি এ শাখায় যোগদান করার পর কৃষিঋণ দেওয়ার ব্যাপারে অসঙ্গতি খুঁজে পান। মৃত ব্যক্তিদের নামে ঋণ নবায়ন করা হয়েছে। প্রতিদিনই নতুন নতুন ভুয়া গ্রাহক ও টাকার সংখ্যা বাড়ছে। ঠিক এই মুহুর্তে কতজন গ্রাহক ও টাকার পরিমাণ কত হতে পারে এমন কিছু বলা ঠিক হবে না। বিষয়টি তদন্তনাধীন। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত কতজন গ্রাহক ও টাকার পরিমাণ বলা যাচ্ছে না।

অনুসন্ধানে জানা গেছে, ২০১৭ সাল থেকে গ্রাহকদের কাগজপত্র জাল করে ৪% সুদে কৃষিঋণের টাকা নিজেরা আত্মসাৎ করে। গ্রাহকেরা নিজেরাই জানেন না তাদের নামে এসব ঋণ দেওয়া হয়েছে। এর সাথে জড়িত অগ্রণী ব্যাংকের কালীগঞ্জ শাখার তৎকালীন মাঠ সহকারী আজির আলী, ক্রেডিট

অভিযুক্ত ব্যাংকটির তখনকার মাঠ সহকারী আজির আলী বলেন, ব্যাংকের সকল ঋণের বিষয়ে একজন ম্যানেজার সবকিছু জানেন। ম্যানেজারের বাইরে কিছু করার ক্ষমতা আমাদের নেই। তার স্বাক্ষর ছাড়া কোন ঋণ পাশ হয় না। গত ১৩ সেপ্টেম্বর চিঠি হাতে পাই। ১৪ তারিখে ঝিনাইদহ হামদহ বাসস্ট্যান্ড শাখায় যোগদান করতে বলা হয়। এটা স্ট্যান্ড রিলিজ না। আমি জেনেছি অগ্রণী ব্যাংকে অডিট চলছে। এছাড়া আমি কোন টাকা আত্মসাৎ করিনি বলেও দাবি করেন।

ক্রেডিট অফিসার আব্দুস সালাম বলেন, কিছু অসঙ্গতি আছে। একটা ঋণের বিষয়ে ব্যাংকের ম্যানেজার সবকিছু জানেন। তার স্বাক্ষর ছাড়া কেউ টাকা উত্তোলন করতে পারেন না।
ব্যাংকটির তখনকার ম্যানেজার শৈলেন কুমার বিশ্বাস বলেন, মাঠ সহকারী আজির আলী ও ক্রেডিট অফিসার আব্দুস সালাম এ ঘটনায় জড়িত। আমি পলিটিক্যাল ভিকটিম হয়েছি। ওরা দু’জন সব কিছু ম্যানেজ করেছে। আমি কিছু জানিনা, ওরা সবকিছু জানেন। আজির আলী সব ঋণের সুপারিশকারী। এ প্রশ্নের জবাবে তিনি বলেন, মৃত ব্যক্তিদের নামে ঋণ দেওয়ার ব্যাপারে তিনি তেমন কিছু জানেন না। শুনেছি তদন্ত চলছে। এখনো তদন্তের রিপোর্ট হাতে পাইনি।

অগ্রণী ব্যাংকের ঝিনাইদহ আঞ্চলিক কার্যালয়ের ডিজিএম (উপব্যবস্থাপক) দীন মোহাম্মদ বলেন, আমরাও এমন আভাস পেয়ে তদন্তে নেমেছি। তদন্ত চলছে। শেষ না হওয়া পর্যন্ত টাকার পরিমাণ বলা যাচ্ছে না। আপনারা যে ঘটনা শুনেছেন সেটা ঠিক।

আলমডাঙ্গায় ছাত্রী উত্যক্তের অপরাধে দুই বখাটের কারাদণ্ড

আলমডাঙ্গায় স্কুল ছাত্রীকে উত্যক্ত করার অপরাধে উজ্জল ও মামুন নামের দুই বখাটেকে জেল জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। উজ্জলকে ৭ দিন ও মামুনকে ১০ দিনের কারাদণ্ডের আদেশ দেন আদালত।

উজ্জল আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের পাইকপাড়া গ্রামের নায়েব আলীর ছেলে ও মামুন একই গ্রামের বরকত আলীর ছেলে।

আদালত সূত্র জানায়, উজ্জল ও মামুন নামের দুই বখাটে মিলে পাইকপাড়া জনকল্যাণ মাধ্যমিক বিদ্যালয়ের ওই ছাত্রীকে বেশ কিছুদিন ধরে উত্যক্ত করে আসছিল। উত্যক্তের মাত্রা দিনে দিনে বেড়ে যাওয়ায় ওই ছাত্রীর পরিবার প্রশাসনকে জানায়।

মঙ্গলবার উপজেলা নির্বাহী অফিসার লিটন আলীর ভ্রাম্যমাণ আদালত পাইকপাড়া গ্রামে অভিযান চালিয়ে বখাটে উজ্জল ও মামুনকে আটক করে আদালতে নিয়ে আসেন। উজ্জলকে ৭ দিন ও মামুনকে ১০ দিনের কারাদণ্ডের আদেশ দেন।

আদালতে নিরাপত্তার দায়িত্বে ছিলেন পাইকপাড়া পুলিশ ক্যাম্পের আইসি গিয়াস উদ্দিন।

হরিণাকুণ্ডুতে মহিলা বিষয়ক কর্মকর্তার বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠিত

ঝিনাইদহে হরিণাকুণ্ডু উপজেলা অফিসার্স কল্যাণ ক্লাবের আয়োজনে মঙ্গলবার বিকালে উপজেলা সম্মেলন কক্ষে মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের বিদায়ী সংবর্ধনা ও নবগত সমবায় কর্মকর্তা কামরুন্নাহার এর বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অফিসার্স কল্যাণ ক্লাবের সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা’র সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, জাইকা সমন্ময়কারী কামরুন নাহার, বিদায়ী মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম ও নবাগত সমবায় কর্মকর্তা কামরুন্নাহার বেগম ।

এসময় উপজেলা সমাজ সেবা কর্মকর্তা মোহাম্মদ হোসেন খান, জনস্বাস্থ্য প্রকৌশলের উপ-সহকারী প্রকোশলী আল আমীন, উপজেলা প্রোগ্রামার ওয়াসিকুর রহমান, বিআরডিবি কর্মকর্তা ফারহানা

জেসমিন, আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্ময়কারী আরিফুজ্জামানসহ বিভিন্ন দপ্তরের প্রধান।

ক্লাবের সভাপতি ইউএনও সৈয়দা নাফিস সুলতানা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমকে বিদায় ও সমবায় কর্মকর্তা কামরুন্নাহারকে বরণ করে নেন।

ঝিনাইদহে পৃথক স্থান থেকে দুই ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১নং সুন্দরপুর দুর্গাপুর ইউনিয়নের কাদিরকোল গ্রামের একটি পুকুর থেকে রূপকুমার (৫০) ও সদর উপজেলার চণ্ডিপুর গ্রাম থেকে আমির হোসেন (৫০) নামে দুই ব্যক্তির মৃতদেহ উদ্ধার করে পুলিশ।

মঙ্গলবার সকালে লাশ দুইটি উদ্ধার করা হয়। রূপকুমার দত্ত পাশ্ববর্তী কোটচাঁদপুর উপজেলার ফাজিলপুর বাজারপাড়া এলাকার কেষ্ট দত্তের ছেলে। অন্যদিকে আমির হোসেন চণ্ডিপুর গ্রামের মশকত আলীর ছেলে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মাহাবুবুল আলম জানান গত রোববার রাত থেকে রূপকুমার দত্ত নিখোঁজ ছিল। মঙ্গলবার সকালে কাদিরকোল গ্রামের ইজ্জত আলী বিশ্বাসের পুকুরে তার মৃতদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে কোটচাঁদপুর থানা পুলিশ লাশ উদ্ধার করে। ময়না তদন্ত শেষে রুপকুমারের মৃত্যুর কারণ জানা যাবে বলে ওসি জানান।

এদিকে ঝিনাইদহ সদরের বেতাই পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই সিরাজুল আলম জানান, মঙ্গলবার সকালে চণ্ডিপুরের জালাল মুন্সির ঝাল ক্ষেত থেকে আমির হোসেনের লাশ উদ্ধার করে পুলিশ।

তিনি পারিবারিক ঝামেলার কারণে আত্মহত্যা করতে পারেন বলে পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে।

তবে গ্রামবাসির একটি সূত্র জানায় দুই দিন আগে আমিরের ছেলে ও এলাকার কিছু মানুষ তাকে লাঞ্চিত করে।

এ বিষয়ে তিনি ঝিনাইদহ সদর সার্কেলের সহকারী পুলিশ সুপার আবুল বাশারের কাছে মৌখিক অভিযোগ করেন।

পুলিশ বিষয়টি তদন্ত করাকালে আমিরের মৃত্যু রহস্যজনক বলে গ্রামবাসি মনে করছেন।

ঝিনাইদহের হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের কর্মীসভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে হলিধানী বাজারে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি হাজী হাসেম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, ধর্ম বিষয়ক সম্পাদক আনিছুর রহমান খোকা, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জে এম রশীদুল আলম, প্রচার সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, জেলা সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা, থানা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আসলাম হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য আশরাফুল আলম, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, থানা সে¦চ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি সাইদুল করিম মিন্টু, হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের প্রয়াত নেতা কর্মীদের স্বরণ করে এক মিনিট নিরবতা পালন করেন।

উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজিজুল হক মাস্টার।

সভায় প্রধান অতিথি কর্মীদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনা মূলক বক্তব্য রাখেন এবং আগামী ইউপি নির্বাচনে নৌকা মার্কাকে বিজয়ী করার লক্ষ্যে তৃনমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী বিজ্ঞান মেলা’র উদ্বোধন

ঝিনাইদহে মুজিববর্ষ উপলক্ষে ৪১তম জাতীয় বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে ঝিনাইদহ শহরের ফজর আলী স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে জেলা প্রশাসন ও শিক্ষা অফিস এ মেলার আয়োজন করে। জেলা প্রশাসক সরোজ কুমার নাথ ফিতা কেটে ও বেলুন উড়িয়ে এ মেলার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) তসলিমা খাতুন, সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিয়ার রহমান।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জেলা শিক্ষা অফিসের সহকারি পরিদর্শক মোজাফফর হোসেন পলাশ।

মেলাই ৬ টি উপজেলার ৩ টি গ্রুপে ৫৪ টি প্রজেক্টে ১শত জন শিক্ষার্থী অংশ নেয়। মঙ্গলবার থেকে শুরু হওয়া এ মেলা চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত।

ঝিনাইদহে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা বি এন পি’র কার্যালয়ে উপজেলা যুবদলের আহবায়ক আব্দুস সামাদ এর সভাপতিত্বে ও পৌর যুবদলের আহবায়ক হারুন অর রশিদ এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ আমিরুল ইসলাম।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে পৌর স্বেচ্ছাসেবক দলের সভাপতি আলমগীর কবির, সাবেক উপজেলা ছাত্রদলের সভাপতি খাইরুল ইসলাম, সাবেক উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান,

উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক মুকুল হোসেন, আবু হাসান, সোহেল রানা, রানা হোসেন, পৌর যুবদলের যুগ্ম-আহবায়ক বাপ্পী মন্ডলসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। আলোচনা শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গায় পতাকা উত্তোলন, র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

হয়েছে। মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ প্রাঙ্গণে এসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা যুবদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিপ্লব। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরীফুজ্জামান শরীফ বলেন, বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে অবৈধ আওয়ামী লীগ সরকারের পতন ঘটিয়ে দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করা হবে এবং জনগণকে তাদের ভোটের অধিকার ফিরিয়ে দেওয়া হবে। বিএনপি ও সহযোগি সংগঠনের নেতাকর্মীদের ধ্বংস করার পায়তারা শুরু হয়েছে।

রাতারাতি বিএনপি থেকে আওয়ামী লীগে যোগদান করছে, এমন নেতাকর্মী আমাদের দরকার নেই। যদি আমার একজন বিএনপি কর্মী থাকে এটাই যথেষ্ট। আগামী দিনে সকল ষড়যন্ত্রকারীদের দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে।

দল কারো বাপের সম্পত্তি নয়। আপনি দলের জন্য পরিশ্রম করবেন, তারপর আপনি দলের হবেন। নতুন নেতৃত্ব তৈরি করতে হবে। দীর্ঘদিন যারা নেতৃত্ব দিয়ে আসছে, সেই নেতৃত্বের পরিবর্তন ঘটাতে হবে। পরিবর্তন না ঘটালে, যেই অবস্থায় আমরা আছি, সেই অবস্থার কোনো পরিবর্তন হবেনা।

আপনারা যারা ইউনিয়নে চেয়ারম্যান হতে চান, তারা ৯টি ওয়ার্ডের নেতাকর্মীদের সাথে যোগাযোগ করুন। মাঠ পর্যায় থেকে যাদের গুরুত্ব দেওয়া হবে, জেলা থেকেও তাদের গুরুত্ব দেওয়া হবে।

শরীফুজ্জামান শরীফ আরো বলেন, দিনে বিএনপি, রাত্রে আওয়ামী লীগ, এই ধরনের নেতাদেরকে চিহ্নিত করুন। তাদেরকে বার্তা পৌঁছে দিন, তাদের পরিহার করা হবে। তাদের বিএনপিতে ঠাঁই নাই। আপনারা সতর্ক হয়ে যান। বিএনপি কারো বাপ দাদার সম্পত্তি নয়।

কাগজে নেতা হয়ে লাভ নেই। শহীদ জিয়ার আদর্শের হতে হবে।

চুয়াডাঙ্গা জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোঃ রাজিব খানের পরিচালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আব্দুল জব্বার, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, আবু বক্কর সিদ্দিক আবু, আহবায়ক কমিটির সদস্য

ও মহিলা দলের নেত্রী জাহানারা বেগম,

জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মাহমুদ হাসান পল্টু, সদর থানা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম নজু, জেলা সে¦চ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, আলমডাঙ্গা পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান আনিস প্রমুখ।

কুষ্টিয়ায় বিষাক্ত অ্যালকোহল পানে ৩ যুবকের মৃত্যু

কুষ্টিয়ায় পৃথক স্থানে বিষাক্ত অ্যালকোহল পান করে ৩ যুবকের মৃত্যু হয়েছে। বুধবার ভোরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

মৃতরা হলেন- খোকসা উপজেলার কালিবাড়ি বাজারের ভবেশ ঘোষের ছেলে রিপন কুমার ঘোষ (৩২), মিরপুর উপজেলার কান্তদাহ গ্রামের মৃত দেবেন্দ্রনাথ বিশ্বাসের ছেলে নিতাই বিশ্বাস (৩৫) ও সদর উপজেলার বড় আইলচারা গ্রামের তপন বিশ্বাসের ছেলে অনিক বিশ্বাস (২১)।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. তাপস কুমার সরকার জানান, দুর্গাপূজার উৎসব-আনন্দে অ্যালকোহল পান করে গুরুতর অসুস্থ হন তিন যুবক। পরিবারের লোকজন তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তির করে।

রাত ১২টা থেকে ভোর সাড়ে ৪টার মধ্যে তারা হাসপাতালে ভর্তি হয়েছিলেন। তাদের প্রয়োজনীয় চিকিৎসা দেয়া হয়েছিল। চিকিৎসাধীন অবস্থায় একে একে ৩ যুবকেরই মৃত্যু হয়।

তবে এ বিষয়ে হাসপাতালে রোগীর সঙ্গে থাকা স্বজনরা কোনো মন্তব্য করতে রাজি হননি।

ঘটনার সত্যতা নিশ্চিত করে কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর

আরাফাত বলেন, বিষাক্ত মদপানে ৩ যুবকের মৃত্যুর বিষয়ে পুলিশ খতিয়ে দেখছে।